গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ
আগারগাঁও, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

নথি নং-৯(৪) বোর্ড প্র:-১/২০০৮/ ৬৮৯

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ ইসহাক, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (মামলা নং-২/২০২৬) বিশ্ব শুল্ক সংস্থায় বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস, বেলজিয়ামের মিনিস্টার (কাস্টমস) এর দপ্তরে কর্মরত তার স্ত্রী-পরিবারের সাথে বসবাস করার নিমিত্ত ২৭/০২/২০২৪ খ্রিঃ তারিখের ০৯(৪) বোর্ড প্র-১/২০০৮/১৮২ নং স্মারকমূলে ০৬/০৩/২০২৪ খ্রি. তারিখ হতে ০৫/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত মোট ৬০ (ষাট) দিনের অর্জিত ছুটি মঞ্জুর হলেও বিনা অনুমতিতে অতিরিক্ত প্রায় ০১ (এক) মাসেরও বেশি সময় অনুপস্থিত থেকে গত ২০/০৬/২০২৪ খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে যোগদান করেন এবং ২৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখের ০৯(৪)বোর্ড প্র-১/২০০৮/৬১২ নং স্মারকমূলে ০৬/০৯/২০২৪ খ্রিঃ হতে ০৫/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের বিনা বেতনে অসাধারণ ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) মঞ্জুর হলেও বিনা অনুমতিতে অতিরিক্ত প্রায় ০১ (এক) মাস অনুপস্থিত থেকে গত ০৫/১০/২০২৫ খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে যোগদান করেন। পরবর্তীতে তিনি ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন; এবং

০২। যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে জনাব মোঃ ইসহাক, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ), ২(চ), ৩(খ) ও ৩(গ) অনুসারে 'অসদাচরণ' ও 'পলায়ন (Desertion)' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ করেছেন বিধায় একই বিধিমালার বিধি-১২ অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হয় ও উক্ত বিধিমালার বিধি (৪) মোতাবেক কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ সম্বলিত লিখিত জবাব ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের ০৬ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখের ৯(৪)বোর্ড:প্র:-২০০৮/১৮৮ নং স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ঠিকানা [গ্রাম: দক্ষিণ পতেঙ্গা মাইজপাড়া মুন্সিবাড়ী, ডাকঘর: মধ্যম পতেঙ্গা, থানাঃ পতেঙ্গা, জেলা: চট্টগ্রাম] ও বর্তমান ঠিকানা [বাসা: বি-৫৫, এফ-১৮, এজিবি কলোনী, মতিঝিল, ঢাকা-১০০০], তার ইমেইলে [ishak.nbr@gmail.com] এবং WhatsApp নম্বরে [+880 1916-666618] প্রেরণ করা হয়।

০৩। যেহেতু, উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ঠিকানায় গ্রহণ করা হলেও তার স্থায়ী ঠিকানা [গ্রাম: দক্ষিণ পতেঙ্গা মাইজপাড়া মুন্সিবাড়ী, ডাকঘর: মধ্যম পতেঙ্গা, থানাঃ পতেঙ্গা, জেলা: চট্টগ্রাম] হতে তা ফেরত আসে। অভিযুক্ত কর্মচারী আত্মপক্ষ সমর্থনে কোনো লিখিত জবাব দাখিল করেন নাই, লিখিত জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধির কোনো আবেদন করেন নাই এবং ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হন নাই। পরবর্তীতে জনাব মোঃ আনিসুল ইসলাম, দ্বিতীয় সচিব, (কর প্রশাসন-২), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা-কে উক্ত বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়; এবং

০৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন, "বর্ণিত বিষয়ে তদন্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অভিযুক্ত কর্মচারীর বক্তব্য শ্রবণ ও স্বাক্ষ্য গ্রহণ এবং নথিপত্র যাচাইয়ের জন্য ০৬/০৫/২০২৬ খ্রিঃ তারিখ শুনানির দিন ধার্য্য করে অভিযুক্ত কর্মচারীর ই-মেইল ও অফিস ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। শুনানীর জন্য ধার্য তারিখে অভিযুক্ত কর্মচারী অনুপস্থিত থাকায় তাঁর বক্তব্য শ্রবণ ও স্বাক্ষ্য গ্রহণ করা সম্ভব হয়নি। অভিযুক্ত কর্মচারীর সংশ্লিষ্ট নথি সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রেরিত তথ্যাদি পর্যালোচনান্তে দেখা যায় যে, অভিযুক্ত কর্মচারী বহিঃ বাংলাদেশ ছুটি শেষে বিগত ০৫/১০/২০২৫ খ্রিঃ তারিখে কর্মস্থলে যোগদান করেন। পরবর্তীতে তিনি যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই বিগত ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ হতে অনুপস্থিত আছেন। তাঁর সহকর্মীদের নিকট হতে প্রাপ্ত তথ্যমতে তিনি বর্তমানে বাংলাদেশ দুতাবাস, ব্রাসেলস, বেলজিয়ামের মিনিস্টার (কাস্টমস) এর দপ্তরে কর্মরত তাঁর স্ত্রী এর সাথে অবস্থান করছেন মর্মে জানা যায়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(চ) বিধি অনুযায়ী বিনা অনুমতিতে ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় কর্মস্থলে অনুপস্থিত থাকা 'পলায়ন (Desertion)' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। অভিযুক্ত কর্মচারী অনুমোদিত ছুটি ভোগের পর বিনা অনুমতিতে বিগত ২৩/১১/২০২৫ খ্রি. তারিখ হতে অদ্যাবধি অর্থাৎ প্রায় ০৬ (ছয়) মাস কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এমতাবস্থায়, অভিযুক্ত কর্মচারী কর্তৃক ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ প্রতিপালন না করে বিনা অনুমতিতে একাধারে ৬০ (ষাট) দিনের বেশি কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।"

০৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক জনাব মোঃ ইসহাক, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(গ) অনুযায়ী 'পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় জাতীয় রাজস্ব বোর্ডের ০৮/০৬/২০২৬ খ্রি. তারিখের ৯(৪) বোর্ড প্র:-১/২০০৮/৩২৭ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

০৫। যেহেতু, উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ ইসহাক, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত) এর স্থায়ী ঠিকানা [গ্রাম: দক্ষিণ পতেঙ্গা মাইজপাড়া মুন্সিবাড়ী, ডাকঘর: মধ্যম পতেঙ্গা, থানাঃ পতেঙ্গা, জেলা: চট্টগ্রাম], বর্তমান ঠিকানা [বাসা: বি-৫৫, এফ-১৮, এজিবি কলোনী, মতিঝিল, ঢাকা-১০০০], তার ইমেইলে [ishak.nbr@gmail.com], তার WhatsApp নম্বরে [+880 1916-666618], বিশ্ব শুল্ক সংস্থায় বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস, বেলজিয়ামের মিনিস্টার (কাস্টমস) এর দপ্তরে কর্মরত তার স্ত্রী এর ঠিকানায় [29-31 Rue Jacques Jordanes, 1000 Brussels Belgium ও ইমেইল: mission.brussels@mofa.gov.bd, bdootbrussels@skynet.be] প্রেরণ করা হয় এবং ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলেও অদ্যাবধি তিনি কোনো লিখিত জবাব দাখিল করেন নাই। উক্ত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তার বর্তমান ঠিকানায় গ্রহণ করা হলেও তার স্থায়ী ঠিকানা [গ্রাম: দক্ষিণ পতেঙ্গা মাইজপাড়া মুন্সিবাড়ী, ডাকঘর: মধ্যম পতেঙ্গা, থানাঃ পতেঙ্গা, জেলা: চট্টগ্রাম] হতে তা 'তালাশে প্রাপক খুঁজে না পাওয়া যাওয়ায় ফেরত' মর্মে ফেরত আসে। ইমিগ্রেশন, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর তথ্যমতে তিনি ১৭/১১/২০২৫ খ্রি. তারিখে ঢাকা থেকে ব্রাসেলস, বেলজিয়ামে বহিঃগমন করেন।

০৬। সেহেতু, সার্বিক বিষয় ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় জনাব মোঃ ইসহাক, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা গত ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুয়ায়ী 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক গুরুদন্ড হিসাবে তাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' করা হলো।

০৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং-৯(৪) বোর্ড প্র:-১/২০০৮/৩৬৯

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৫. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস, বেলজিয়াম।
৭. মিনিস্টার (কাস্টমস), বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস, বেলজিয়াম।
৮. মহাপরিচালক, সিআইসি/গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৯. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১. দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১/২/৩/৪/৫/এস্টেট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁর নামে বরাদ্দকৃত বাসার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪. জনাব মোঃ ইসহাক, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫. ব্যক্তিগত নথি।

২৮/০৬/২৬

(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা